

ভোট দেয়ার জন্য কিভাবে রেজিষ্টার করতে হবে

প্রত্যেক বৃটিশ, কমন ওয়েলথ এবং আয়ারল্যান্ডের নাগরিকের এই দেশে ভোট দেয়ার যোগ্যতা আছে। অন্যান্য ইওরোপীয়ান ইউনিয়ন নাগরিকদের ইওরোপীয়ান পার্লামেন্টে এবং স্থানীয় নির্বাচনে ভোট দেয়ার যোগ্যতা আছে। কোন্ কোন্ দেশের এই যোগ্যতা আছে দেখার জন্য নিচের লিংকে ক্লিক করুন।

কোন কোন দেশ যোগ্য

আপনি কেবল মাত্র তবেই ভোট দিতে পারবেন যদি নির্বাচনকারীদের রেজিষ্টারে আপনার নাম থাকে (ভোটারদের তালিকাও বলা হ'য়ে থাকে)। প্রতি অটোমে (সেপ্টেম্বর/অক্টোবর মাস) আপনার বাসায় পাঠানো ফর্মটিকে পূরণ ক'রে ফেরৎ পাঠান। প্রতি বছর ১লা ডিসেম্বর আমরা একটি নতুন রেজিষ্টার ছেপে থাকি

আমরা সারা বছর ধরে যেকোন নাম সংযুক্ত, বাদ বা সঠিক ক'রে নিতে পারি এবং ডিসেম্বর থেকে অগাস্টের মধ্যে প্রতি মাসে রেজিষ্টারটিকে ঐ তারিখ পর্যন্ত ঠিকঠাক ক'রে রাখি।

আপনি অন্য কোন ঠিকানায় চ'লে গেলে আপনাকে আরেকটি নতুন ফর্ম পূরণ ক'রে দিতে হবে। একটি ফর্মে কেবল একজন ব্যক্তি ভরতে পারবেন এবং আপনার ফর্মে আপনাকেই সই করতে হবে, অন্য কেউ আপনার জন্য করতে পারবে না।

কাউন্সিল ট্যাক্সের তালিকাতে আপনার নাম থাকার মানে এই নয় যে আপনার নাম ভোটের রেজিষ্টারেও আছে।

একটি ফর্ম ডাউনলোড করার জন্য নিচের লিংকে ক্লিক করুন।

রেজিস্ট্রেশন ফর্ম

আপনার যদি এই বিষয়ে কোন সহায়তার প্রয়োজন থাকে তবে 020 8871 6023 নম্বরে ইলেক্টোরাল রেজিস্ট্রেশন সার্ভিসে ফোন করুন অথবা ওয়াশব্‌স্‌ওয়ার্থ ইন্টারপ্রেটিং সার্ভিসকে (ইংরেজি ভাষার জন্য সমস্যা থাকলে)) 020 8672 1043 নম্বরে যোগাযোগ করুন

How to Vote-Bengali

September 2007

Translated by Wandsworth Interpreting Service